# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 23 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় ‘এ’ ইউনিটে প্রথম স্থান অর্জন করেছেন মো. আব্দুল্লাহ।তিনি জিপিএসহ সর্বমোট ৯৬ নম্বর পেয়ে এই সাফল্য অর্জন করেন।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ভর্তি পরীক্ষার মেধাতালিকা ১২০ নম্বরের ভিত্তিতে প্রকাশ করা হয়েছে। এর মধ্যে লিখিত পরীক্ষার জন্য নির্ধারিত ছিল ১০০ নম্বর এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অতিরিক্ত ২০ নম্বর যোগ করা হয়। মো. আব্দুল্লাহ সর্বোচ্চ নম্বর পেয়ে মেধাতালিকায় শীর্ষস্থান দখল করেন।

চট্টগ্রাম জেলার অধিবাসী আব্দুল্লাহ হাজীগঞ্জ মডেল সরকারি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করেন।তিনি দ্বিতীয়বারের মতো কুবির ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন।এর আগে তিনি গুচ্ছভুক্ত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ব্যবসায় প্রশাসন বিভাগে ভর্তি ছিলেন।

নিজের সাফল্য সম্পর্কে আব্দুল্লাহ বলেন, “এতদূর আসার জার্নিটা মোটেও সহজ ছিল না। একজন সেকেন্ড টাইমার হিসেবে মানসিকভাবে নিজেকে স্থির রেখে আবার নতুন করে প্রস্তুতি নেওয়া এবং পরীক্ষায় অংশ নেওয়া অনেক কঠিন।গত বছর সর্বোচ্চ চেষ্টা করেও লক্ষ্যে পৌঁছাতে পারিনি।পরে নোবিপ্রবিতে ভর্তি হই।নিজেকে স্থির রেখে আবারো প্রস্তুতি নেই, যার ফল আজ আমার সামনে।আমি কৃতজ্ঞ আমার পরিবারের প্রতি, যারা সবসময় পাশে থেকেছে।আলহামদুলিল্লাহ, আমি আমার মা-বাবাকে হতাশ করিনি।”

উল্লেখ্য, গত ১৯ এপ্রিল ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।দেশের বিভিন্ন কেন্দ্রের ৩০টি ভেন্যুতে মোট ২১ হাজার ৯৯৯ জন শিক্ষার্থী এতে অংশগ্রহণ করেন।

ভর্তি পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:56

URL: https://www.timestodaybd.com/campus/1321630192